



আপোষে সহায়তার প্রস্তাবের জন্য কর বিভাগের সঙ্গে
কীভাবে যোগাযোগ করবেন

কার্যক্রমের সারসংক্ষেপ

কর বিভাগের আপোষে সহায়তার প্রস্তাবটি (Tax Department's Offer in Compromise Program) দুর্ব্বই করের ঋণের সম্মুখীন করদাতাদের একটি ত্রাসপ্রাপ্ত রাশি প্রদান করে সেই ঋণগুলির বন্দোবস্ত করা সুযোগ করে দেয়। ব্যক্তি ও ব্যবসা উভয়ই এর যোগ্য।

কার্যক্রমটি এভাবে কাজ করে:

- করদাতারা কর বিভাগকে (Tax Department) তাদের আর্থিক বিষয়ের, তাদের করের ঋণের বিশদ তথ্য এবং তারা তাদের বকেয়া রাশি কী কারণে পরিশোধ করতে পারছেন না তার কারণগুলি প্রদান করবেন।
- এই তথ্যের ভিত্তিতে করদাতারা একটি করে রাশির প্রস্তাব করবেন যা তারা তাদের করের ঋণ মেটানোর জন্য প্রদান করতে ইচ্ছুক। করদাতাদেরকে প্রস্তাবের সঙ্গে এই রাশিটি অন্তর্ভুক্ত করতে হবে না।
- কর বিভাগের (Tax Department) কর্মীরা এরপর করদাতার নিবেদনের পর্যালোচনা করবেন এবং করদাতার বয়স, চাকুরির স্থিতি ও স্বাস্থ্যের অবস্থার মতো অন্যান্য কারণগুলি বিবেচনা করবেন।
- কর বিভাগের (Tax Department) কর্মীরা এই প্রস্তাব গ্রহণ করলে কর বিভাগ (Tax Department) করদাতার করের ঋণের পরিমাণ কমিয়ে সম্মত হওয়া রাশি করে দেবেন।

আপোষে সহায়তার প্রস্তাব কার্যক্রমটি কেবল নির্দিষ্ট পরিস্থিতিতেই প্রযোজ্য - সকল করদাতা এর যোগ্য নন। আপনি আপোষে সহায়তার প্রস্তাবের যোগ্য না হলে কর বিভাগ (Tax Department) প্রদত্ত অন্যান্য কার্যক্রমের কথা বিবেচনা করুন। উদাহরণস্বরূপ, অর্থপ্রদানের পরিকল্পনাগুলি হল সময়ের সঙ্গে আপনার করের ঋণ মেটানোর সহজ ও সাশ্রয়ী উপায়।

আপনি যাই করুন, আপনার করের ঋণকে উপেক্ষা করবেন না। কর বিভাগ (Tax Department) আপনাকে আপনি প্রদান করতে পারবেন না এমন কোনো বিল বা সংগ্রহের বিজ্ঞপ্তি পাঠিয়ে থাকলে আপনার নিজের স্বার্থেই আপনাকে অবিলম্বে আমাদের সঙ্গে যোগাযোগ করতে হবে। আমরা সমাধানে পৌঁছতে আপনার কেসটির পর্যালোচনা করবো ও আপনার সঙ্গে কাজ করবো।

আপনি এই কার্যক্রমের যোগ্য কিনা তা কীভাবে নির্ধারণ করবেন

আপোষে সহায়তার প্রস্তাবের যোগ্য হতে আপনার এই শর্তগুলির যে কোনো একটি পূরণ করা আবশ্যিক:

- আপনি দেউলিয়া হলে (আপনার ঋণ আপনার সম্পত্তির চেয়ে বেশি হলে)।
- আপনাকে গত একবছরের মধ্যে দেউলিয়া অবস্থা থেকে অব্যাহতি দেওয়া হলে।
- আপনি আপনার করের ঋণ সম্পূর্ণ পরিশোধ করলে আপনাকে *অসঙ্গত অর্থনৈতিক অস্বচ্ছলতা* ভোগ করতে হবে, যার অর্থ হল আপনি আপনার মৌলিক জীবনধারণের খরচ প্রদান করতে পারবেন না। *মৌলিক জীবনধারণের খরচ* হল সেইগুলি যা আপনার বা আপনার পরিবারের স্বাস্থ্য, কল্যাণ ও আয় সৃষ্টির জন্য অর্থের জোগান দেয়। কেবল **ব্যক্তিরাই** অসঙ্গত অর্থনৈতিক অস্বচ্ছলতার ভিত্তিতে উপশমের জন্য আবেদন করতে পারবেন।

কীভাবে এই কার্যক্রমের জন্য আবেদন করবেন

1. সঠিক ফর্মটি পূরণ করুন:



স্থিরীকৃত ও চূড়ান্ত: আপনার করের ঋণ স্থিরীকৃত ও চূড়ান্ত হয়ে গেলে **Form DTF-4.1 (ফর্ম DTF-4.1), Offer in Compromise For Fixed and Final Liabilities** (স্থিরীকৃত ও চূড়ান্ত দায়ের জন্য আপোষে সহায়তার প্রস্তাব ব্যবহার করুন)।

নিয়মমাফিক আপীল বিচারাধীন: আপনি আপনার ঋণের পরিমাণ কত তা নিয়ে সন্দেহ রয়েছে বলে দাবি করলে এবং আপনার নিয়মমাফিক আপীলের অধিকার বিচারাধীন থাকলে **Form DTF-4 (ফর্ম DTF-4), Offer in Compromise For Liabilities Not Fixed and Final and Subject to Administrative Review** (প্রশাসনিক পর্যালোচনা সশেষে স্থিরীকৃত ও চূড়ান্ত নয় এমন দায়ের জন্য আপোষে সহায়তার প্রস্তাব ব্যবহার করুন)।

2. যাবতীয় নথিপত্র অন্তর্ভুক্ত করুন। আপনি যে ফর্মই ব্যবহার করুন, নিম্নলিখিত সবকিছু অন্তর্ভুক্ত করা নিশ্চিত করুন:

- **Form DTF-5 (ফর্ম DTF-5), Statement of Financial Condition and Other Information** (আর্থিক অবস্থা ও অন্যান্য তথ্যের বিবৃতি)
- বিগত তিন বছরের যুক্তরাষ্ট্রীয় আয়করের রিটার্ন
- 30 দিনের কম পুরনো একটি ক্রেডিট রিপোর্ট
- বিগত 12 মাসের ব্যাঙ্ক বিবৃতি

আপনি অস্বচ্ছলতার উপশম চাইলে যে কোনো সমর্থনকারী নথিপত্র সহ আপনার অসঙ্গত অর্থনৈতিক অস্বচ্ছলতার অভিজ্ঞতার বর্ণনা দিয়ে একটি বিবৃতি অন্তর্ভুক্ত করুন।

3. এই ঠিকানায় ডাকযোগে পাঠান:

**NYS TAX DEPARTMENT
CED OFFER IN COMPROMISE UNIT
W A HARRIMAN CAMPUS
ALBANY NY 12227-5100**